# সুদানে জাতিসংঘ ঘাঁটিতে সন্ত্রাসী হামলায় ৬ বাংলাদেশি শান্তিরক্ষী নিহত, আহত ৮




সংগৃহীত ছবি

সুদানে জাতিসংঘের একটি শান্তিরক্ষা ঘাঁটিতে সন্ত্রাসী হামলার ঘটনায় বাংলাদেশ সেনাবাহিনীর ছয়জন শান্তিরক্ষী নিহত হয়েছেন। এ ঘটনায় আরও আটজন বাংলাদেশি শান্তিরক্ষী আহত হয়েছেন।

শনিবার (১৩ ডিসেম্বর) আন্তঃবাহিনী জনসংযোগ পরিদপ্তর (আইএসপিআর) এক খুদে বার্তায় হতাহতের বিষয়টি নিশ্চিত করেছে।

আইএসপিআর জানায়, সুদানের আবেই এলাকায় অবস্থিত জাতিসংঘের ঘাঁটিকে লক্ষ্য করে সন্ত্রাসীরা হামলা চালায়। হামলার সময় সেখানে অবস্থানরত বাংলাদেশি শান্তিরক্ষীরা আক্রান্ত হন।

খুদে বার্তায় আরও বলা হয়, হামলার পর সন্ত্রাসীদের সঙ্গে সংঘর্ষ শুরু হয় এবং তা এখনও চলমান রয়েছে। পরিস্থিতি বিবেচনায় সংশ্লিষ্ট কর্তৃপক্ষ প্রয়োজনীয় ব্যবস্থা নিচ্ছে বলে জানিয়েছে আইএসপিআর।

LENS ASIA